

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ত্রাণ প্রশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০০.৪১০.১৮.০৫.১৫-২২৩

তারিখঃ ০৯-০৭-২০১৭ খ্রিঃ

প্রেরকঃ মোঃ নূরুল ইসলাম
সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)।

প্রাপকঃ জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
বাগেরহাট।

বিষয়ঃ এককালীন আনুতোষিক (সম্পূর্ণ বিনিময়) মঞ্জুরি।

জনাব,

আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, বাগেরহাট জেলার প্রাক্তন জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জনাব মোঃ মোশারফ হোসেন-কে ৫৯ বছর বয়স পূর্তিতে গত ৩০-০৮-২০১৫ খ্রিঃ তারিখে সরকারী চাকরি হতে অবসর দেওয়া হয়। তার এককালীন আনুতোষিক (সম্পূর্ণ বিনিময়) নির্ধারিত পেনশন ফরমে (ফরম-২.১) যথাযথ কর্তৃপক্ষ মঞ্জুর করেছে।

২। জনাব মোঃ মোশারফ হোসেন-এর মূলবেতন ৪০,৮৪০/- টাকা নির্ধারিত হয়েছে। উক্ত টাকার ৯০% হিসেবে অবসর ভাতা ৩৬,৭৫৬/- টাকা। উহার ১ম অর্ধাংশ ১৮,৩৭৮/- টাকার প্রতি টাকার বিপরীতে ২৩০/- টাকা হারে (১৮,৩৭৮×২৩০) = ৪২,২৬,৯৪০/- টাকা এবং ২য় অর্ধাংশ ১৮,৩৭৮/- টাকার প্রতি টাকার বিপরীতে ১১৫/- টাকা হারে (১৮,৩৭৮×১১৫) = ২১,১৩,৪৭০/- টাকা সর্বমোট (৪২,২৬,৯৪০+২১,১৩,৪৭০) = ৬৩,৪০,৪১০/- (তেষটি লক্ষ চল্লিশ হাজার চারশত দশ) টাকা এককালীন আনুতোষিক হিসেবে প্রাপ্য।

৩। তিনি সমুদয় অর্থ এককালীন উত্তোলন করবেন বিধায় মাসিক অবসরভাতা প্রাপ্য হবেন না।

৪। তার অনুকূলে মঞ্জুরকৃত অর্থ বিধি মোতাবেক পরিশোধ আদেশ (পিপিও) জারি করার জন্য নিম্নের কাগজপত্র নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলঃ

১	পেনশন ফরম ২.১ (ছবিসহ)	০১ (এক) সেট
২	প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকারী ঘোষণাপত্র (সংযোজনী-২)	০১ (এক) পাতা
৩	নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ (সংযোজনী-৬)	০১ (এক) পাতা
৪	না-দাবী প্রত্যয়নপত্র (সংযোজনী-৮)	০১ (এক) পাতা
৫	নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ (সংযোজনী-৬)	০১ (এক) পাতা
৬	পিআরএল-এর প্রজ্ঞাপনের কপি	০১ (এক) পাতা
৭	চাকরিতে নিয়োগের অফিস আদেশের কপি	০২ (দুই) পাতা
৮	ডিআরআরও পদে পদোন্নতি এবং পদায়নের কপি	০১ (এক) পাতা
৯	দায়িত্ব গ্রহণ ও অর্পণের কপি	০১ (এক) পাতা
১০	এসএসসি সনদপত্রের কপি	০১ (এক) পাতা
১১	বেতন নির্ধারণ বিবরণী	০২ (দুই) পাতা
১২	জাতীয়ত পরিচয়পত্র	০১ (এক) পাতা
১৩	চাকরির বিবরণী	০৩ (তিন) পাতা
১৪	শেষ বেতনের প্রত্যয়নপত্র	০৯ (নয়) পাতা
১৫	বিভিন্ন কর্মস্থলের বিবরণী	০১ (এক) পাতা
১৬	মোটর সাইকেল বাবদ সরকারের পাওনা নেই মর্মে প্রত্যয়নপত্র	০১ (এক) পাতা

অঃপঃদঃ/২

৫। পিপিও জারীপূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল।

৬। ভবিষ্যতে তার কাছে কোন সরকারী দেনা-পাওনার দাবী উত্থাপিত হলে তিনি তা বিধি মোতাবেক পরিশোধ করতে বাধ্য থাকবেন।

সংযুক্তিঃ বর্ণনামতে

আপনার বিশ্বস্ত,

(মোঃ নূরুল ইসলাম)
সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)
ফোনঃ ৯৫৪৫৮১৮
asra@modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০০.৪১০.১৮.০৫.১৫-২২৩/১(৭)

তারিখঃ ০৯-০৭-২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ভবন, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা (এতে তাঁর ২২-০৫-২০১০ খ্রিঃ তারিখের ৫১.০১.০০০০.০০৩.১৮.১০৩.১৫-৪৬৬ সংখ্যক স্মারকের যোগসূত্র রয়েছে)।
- ২। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ৩। উপসচিব (অডিট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৪। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৫। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে আপলোড করার জন্য)।
- ৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, বাগেরহাট।
- ৭। জনাব মোঃ মোশারফ হোসেন, প্রাক্তন জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (অবঃ), বাগেরহাট (স্থায়ী তিকানাঃ গ্রামঃ দড়গ্রাম, পোঃ দড়গ্রাম, উপজেলাঃ সাটুরিয়া, জেলাঃ মানিকগঞ্জ)।

(মোঃ নূরুল ইসলাম)
সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)।